



কাদের মোল্লার কারাদন্ডের রায় প্রত্যাখ্যান

আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল গত মঙ্গলবার ‘মিরপুরের কশাই’ খ্যাত যুদ্ধাপরাধী কাদের মোল্লাকে যাবজ্জীবন কারাদন্ডে সাজা দেয়। বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা যুদ্ধাপরাধের মামলায় এই ঘাতকের বিরুদ্ধে কারাদন্ডের রায় প্রত্যাখ্যান করে।

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার সভাপতি অধ্যাপক শামস্ রহমান ও সাধারণ সম্পাদক আনিসুর রহমান রিতু এক বিবৃতিতে বলেন ‘এ রায়ে অপরাধের যথোচিত সাজা দেয়া হয়নি বলে আমরা মনে করি। আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের রায়ে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া হতাশ। আমরা আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার পক্ষ থেকে কাদের মোল্লার প্রমানিত হত্যা ও ধর্ষণের অপরাধে তার সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড নেয়ার দাবী জানাচ্ছি’।

অধ্যাপক শামস্ রহমান

সভাপতি

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

আনিসুর রহমান রিতু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

তারিখঃ ৭ ফেব্রুয়ারী ২০১৩